



ডায়েরী নং.....০২.....

তাং.....২৫/১০/২২..... জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd



নং ০৫.৮৮.০০০০.০০৬.০১.৩৬৭.১৯-৬৭৫

তারিখ : ১৭ আশ্বিন ১৪২৯
০২ অক্টোবর ২০২২

বিষয়ঃ নন ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গ।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত নন ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি কোর্সের ১৯তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ১১ ডিসেম্বর ২০২২- ১০ ফেব্রুয়ারি ২০২৩ মেয়াদে অনক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। মনোনয়নের সুবিধার্থে কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:


- (১) কোর্সের উদ্দেশ্য : ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের ননক্যাডার কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের কল্যাণে নিবেদিতপ্রাণ কর্মী হিসেবে গড়ে তোলা।
- (২) প্রশিক্ষণার্থীর পর্যায় : বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ /অধিদপ্তর /স্বায়ত্তশাসিত সংস্থার ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা।
- (৩) পাঠ্যক্রম ফি : ভ্যাট ও আইটি ব্যতীত জনপ্রতি ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) টাকা মাত্র। কোর্স ফি কোর্স শুরুর পূর্বে 'মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' বরাবর নগদ অথবা ক্রেসড্ চেক এর মাধ্যমে প্রদেয়। উক্ত কোর্সফির মধ্যে দু'মাসের আবাসন, খাবার, শরীর চর্চা, শিক্ষা সফর, কীট এ্যালাউন্স এবং সাংস্কৃতিক অনুষ্ঠানসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ অন্তর্ভুক্ত।
- (৪) পাঠ্যসূচি : কোর্সে ০৬টি ক্ষেত্রে নিম্নোক্ত মোট ২২টি মডিউলের আওতায় আনুমানিক ২২৫টি সেশন পরিচালনা করা হবেঃ

Major Area	Module
a) Bangladesh studies	Module-1: Introducing Bangladesh
b) Public administration	Module-2: Constitution and Government System
	Module-3: Leadership and Change Management
	Module-4: Local government and Public Management
	Module-5: Ethics and Etiquette
	c) Management process
Module-7: Office Management and Service Rules	
Module-8: Financial Rules and Procedures	
d) development studies	Module-9: Basics of Economics
	Module-10: Development Planning and Project Management
	Module-11: Research Methodology
	Module-12: Globalization
	Module-13: Sustainable Development and Environment
	Module-14: Gender and Child Rights
e) Skill development	Module-15: English Language Skills
	Module-16: Information and Communication Technology (ICT)
	Module-17: Book Review
f) Relevant Modules	Module-18: Village study
	Module-19: Extension Lectures
	Module-20: Syndicate Work / Exercise
	Module-21: Term Paper / Assignment
	Module-22: PT and Games

- (৫) পাঠ্যক্রমের মেয়াদ : ১১ ডিসেম্বর ২০২২- ১০ ফেব্রুয়ারি ২০২৩ (৬০ দিন)।
- (৬) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ৪০ জন
- (৭) মনোনয়নের শেষ তারিখ : ০৪ ডিসেম্বর ২০২২
- (৮) পাঠ্যক্রমের প্রকৃতি : কোর্সটি আবাসিক।
- (৯) প্রশিক্ষণ সংক্রান্ত সুবিধাবলী : একাডেমি কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণ কোর্সের গুণগতমান বজায় রাখতে নিয়মিতভাবে একাডেমি বিষয় সংশ্লিষ্ট অভিজ্ঞ বক্তাদের অগ্রাধিকার প্রদান করে থাকে। একাডেমিতে ৯তলা বিশিষ্ট ডরমেটরী (wifi সংযুক্ত) ও ৩তলা বিশিষ্ট একটি ক্যাফেটেরিয়া (wifi সংযুক্ত) এবং শীতাতপ নিয়ন্ত্রিত মসজিদ আছে।
- (১০) পাঠ্যক্রমে যোগদান : মনোনীত কর্মকর্তাকে আগামী ১০ ডিসেম্বর ২০২২ তারিখ বিকাল ০৩:০০ টার পূর্বে একাডেমিতে রিপোর্ট করতে হবে।

(১১) উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তাকে মনোনয়ন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন একাডেমির মহাপরিচালক কিংবা নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করা যাবে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়ক জনাব মো: আল-আমিন, প্রশিক্ষণ কর্মকর্তা-২ (মোবাইল: ০১৭১০০৬৯৩৮০, ইমেইল: alamin.napd@gmail.com) এবং জনাব মো: জাকির হোসেন, হিসাবরক্ষণ কর্মকর্তা (মোবাইল: ০১৭৩৯-৮৬৯৩৯৮, ইমেইল: zakir.ttc81@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মকর্তাগণের নাম, পদবি, কর্মস্থলের ঠিকানা, টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল ইত্যাদি উল্লেখ করতে হবে যাতে প্রয়োজনবোধে মনোনীত কর্মকর্তা/ কর্মকর্তাগণের সাথে একাডেমির পক্ষ থেকে সরাসরি যোগাযোগ করা সম্ভব হয়।

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পদবি, কর্মস্থল	ফোন নম্বর	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা


 (মো: হাসান তারিক) 21/10/22
 পরিচালক (প্রশিক্ষণ)

ও

কোর্স পরিচালক

ফোন: ০২২২৩৩৬০৩৫৭

ইমেইল: dir.training@napd.gov.bd

প্রাপক,
 সচিব
 মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।